

কালের কাণ্ড

শেকুবি ৪০ কোটি টাকার বাজেট ঘোষণা

■ শেকুবি প্রতিনিধি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ অর্থবছরের জন্য ৪০ কোটি ১৫ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। উপাচার্য অধ্যাপক মো. শাদাত উল্লাহ সভাপতিত্বে গতকাল শুক্রবার বিকেলে উপাচার্যের সম্মেলনকেন্দ্রে ৭১তম সিডিকেট সভায় এ বাজেট অনুমোদিত হয়।

এবারের বাজেটে আয়ের সিংহভাগই বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে প্রাপ্ত ৩৭ কোটি ৫ লাখ টাকা। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ধরা হয়েছে ৩ কোটি ১০ লাখ টাকা।

বায়ু হিসেবে ধরা হয়েছে বেতন-ভাতা খাতে ৩০ কোটি ৬০ লাখ টাকা, পেনশন খাতে ৯০ লাখ টাকা, কন্টিনজেন্সি খাতে ৮ কোটি টাকা। কন্টিনজেন্সি ব্যয়ের মধ্যে সাধারণ আনুষঙ্গিক খাতে ৪ কোটি ৭০ লাখ টাকা, শিক্ষা খাতে ২ কোটি ৫০ লাখ টাকা, যেরামত ও সংরক্ষণ এবং পুনর্বাসন খাতে ৮০ লাখ টাকা ও সম্পদ সংগ্রহ বা ক্রয় খাতে ৬৫ লাখ টাকা ধরা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হযরত আলী বাজেট উপস্থাপন করেন।